দৈনিক ইনকিলাব

১২।৬।২০০

তারিখ ...

পৃষ্ঠা ৭ ... কলাম ... ৬ ...

# এসএসসি এইচএসসি দাখি আলিম পরীক্ষা উঠে যাচ্ছে

**সালাহউদ্দীন বাবলু** ॥ দীর্ঘ ঐতিহ্যবাহী এসএসসি (সেকেন্ডারী স্কুল সার্টিফিকেট) পরীক্ষা অবশেষে উঠে যাচ্ছে। সেই সাথে উঠে যাবে এইচএসসি (হায়ার সেকেন্ডারী সার্টিফিকেট) পরীক্ষাও। অপরদিকে একই সাথে মাদ্রাসা শিক্ষার দাখিল ও আলিম পরীক্ষাও উঠে যাচ্ছে। এসএসসি পরীক্ষার বয়স প্রায় অর্ধশতাব্দী পূর্ণ হবার পর আগামী ২০১০ সাল থেকে এই পরীক্ষা বিলুপ্ত হয়ে যাচ্ছে। দেশে লিখিতভাবে প্রথমবারের মতো প্রণীত নতুন জাতীয় শিক্ষানীতি অনুযায়ী ২০১০ সালের পর এসএসসি পরীক্ষা বলে আর কিছু থাকবে না। বর্তমানে প্রচলিত প্রথা অনুসারে দশটি শিক্ষাবর্ষ অর্থাৎ ১০ ক্লাস পড়াশুনা শেষ হবার পর জাতীয়ভাবে এই এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়ে থাকে। ১৯৬২ সালের পর থেকে এ পর্যন্ত ৩৯টি এসএসসি পরীক্ষা সম্পন্ন হয়েছে। ভবিষ্যতে দশ ক্লাসের পর আর এই পরীক্ষাটি অনুষ্ঠিত হবে না। এর পরিবর্তে ১২ ক্লাস পরে প্রথম প পরীক্ষা অনুষ্ঠিত হবে। তখন পরীক্ষাটির নাম কি হবে তা এখনো করা হয়নি। তবে তখন এই প্রথম প পরীক্ষাটির আগে অষ্টম শ্রেণী শেষে প্রি-পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। বছর পরে অর্থাৎ আরো ৪টি শিক্ষাব জাতীয়ভাবে প্রথম পাবলিক প অনুষ্ঠিত হবে। বর্তমানে অষ্টম শ্রেণী

৭-এর পৃঃ ১-এর কঃ দেখুন